দৈনিক জনকণ্ঠ

তাং ... 23 JAN 2017 ...
পৃষ্ঠা ১৪ ... ৪ ......

# এখনও বই পায়নি বেড়ার অর্ধেক শিক্ষার্থী

**সংবাদদাতা, বেড়া, পাবনা, ২২ জানুয়ারি ।** নতুন বছরের তিন সপ্তাহ অতিবাহিত হলেও পাবনার বেড়া উপজেলার অধিকাংশ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা সব বই হাতে পায়নি। নতুন বছরের বই উৎসব প্রদর্শনীতেই এখনও আটকা পড়ে আছে বেড়া উপজেলার মাধ্যমিক বিদ্যালয় ও কিন্ডারগার্টেনগুলো। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস বই বিতরণে নয়-ছয় করেছে বলে অভিযোগ করেন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও অভিভাবকরা।

বিভিন্ন বিদ্যালয়ের প্রধান জানান, ষষ্ঠ থেকে নবম শ্রেণীর শিক্ষার্থীদের কেউই শতভাগ বই হাতে পায়নি। ১৪টি বইয়ের জায়গায় ৭-৮ টি করে বই দেয়া হয়েছে। শুধু তাই নয়, ষষ্ঠ ও নবম শ্রেণীর প্রায় অর্ধেক শিক্ষার্থী এখন পর্যন্ত একটি বইও পায়নি বলে অভিযোগ পাওয়া গেছে। জানা যায়, ১ জানুয়ারি ছিল সারাদেশে বই বিতরণ উৎসব। ওই দিন বই উৎসব থেকে বঞ্চিত হয় বেড়া বিবি পাইলট উচ্চ বিদ্যালয়, আল-হেরা একাডেমি, গ্যালাক্সি স্কুল এ্যান্ড কলেজসহ উপজেলার প্রায় ২০টি শিক্ষাপ্রতিষ্ঠানের কয়েক হাজার শিক্ষার্থী। এরপর ৬-৭ দিন পর ওই সব প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে আবারও কিছু বই বিতরণ হয়। কিন্তু শতভাগ বই বিতরণ দূরের কথা, অর্ধেক শিক্ষার্থী এখন পর্যন্ত একটি বইও হাতে পায়নি। তিন সপ্তাহ অতিক্রম করলেও শতভাগ শিক্ষার্থীকে বই দিতে ব্যর্থ হয়েছে ওই সব শিক্ষাপ্রতিষ্ঠান।

কাজীরহাট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম প্রাং বলেন, স্কুলের ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর কিছু ছাত্রছাত্রী ১৪টির জায়গায় ৮-১০টি করে বই পেলেও কোন কোন শিক্ষার্থী এখন পর্যন্ত একটি বইও হাতে পায়নি। এতে অধিকাংশ শিক্ষার্থীর লেখাপড়া ব্যাহত হচ্ছে।

বেড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, ঢাকা থেকে আমরাও শতভাগ নতুন বই হাতে পাইনি। তাই কিছু শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ বই দিতে সময় লাগছে। আশা করি কয়েকদিনের মধ্যে বাকি বইগুলো পৌঁছে দিতে পারব।